

বিদ্যৃৎ ও জুলানি সাশ্রয়ে শিক্ষা প্রতিষ্ঠানগুলো শুক্র ও শনিবার বন্ধ ঘোষণা করা হয়েছে। সপ্তাহের বাকি পাঁচ দিন ক্লাস চলবে। তবে শিক্ষা প্রতিষ্ঠানের সময় পরিবর্তন করা হবে না বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী দীপু মনি। গতকাল সোমবার একটি বেসরকারি বিশ্ববিদ্যালয় আয়োজিত জাতীয় শোক দিবসের আলোচনাসভা শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ তথ্য জানান শিক্ষামন্ত্রী।

মন্ত্রী বলেন, এমনিতেই আগামী শিক্ষাবর্ষ থেকে সাম্প্রতিক্রিয় ছুটি দুই দিন করার পরিকল্পনা ছিল। সেটি অনুমোদন করেছিলেন প্রধানমন্ত্রী। চলমান পরিস্থিতিতে আমরা শিক্ষা প্রতিষ্ঠানগুলো দুই দিন বন্ধ রাখছি। শুক্র ও শনিবার শিক্ষা প্রতিষ্ঠানগুলো বন্ধ থাকবে। কেউ কেউ বলেছিলেন বৃহস্পতিবারের বন্ধের কথা, কিন্তু আজকাল অনেক বাবা-মা কর্মজীবী, তাদের ছুটির দিনে সন্তানদের ছুটি হওয়া প্রয়োজন। তাহলে কমবয়সী শিশুদের নিয়ে বাবা-মা সময় কাটাতে পারেন। সেজন্য শুক্র ও শনিবার বন্ধ রাখার ঘোষণা দিয়েছি।

advertisement

শিক্ষামন্ত্রী আরও বলেন, বাকি পাঁচ দিন শিক্ষা কার্যক্রম চলবে। আমরা আমাদের রেমিডিয়াল ক্লাসেস থেকে শুরু করে শিক্ষার্থীদের ক্ষতি পুষিয়ে নিতে যে পরিকল্পনা করেছি, সেগুলো আমরা পাঁচ দিনের মধ্যে করব। আমরা ছয় দিনে যা করতাম, তা আমরা পাঁচ দিনে করার চেষ্টা করব।

শিক্ষা প্রতিষ্ঠান দুই দিন বন্ধ থাকায় জুলানি ও বিদ্যৃৎ সাশ্রয় হবে বলে মনে করেন শিক্ষামন্ত্রী। তিনি বলেন, প্রতিদিন যে পরিমাণ যানবাহন রাস্তার বের হয়, তার একটি বড় অংশ শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে আনা-নেওয়ার কাজ করে। একদিন ছুটি বাড়ানোয় সে চাপ করবে। শিক্ষা প্রতিষ্ঠানগুলোতেও একদিনের ব্যবহারের বিদ্যৃৎ বাঁচবে।

53  
Shares